গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৭

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৯

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০২১-২২ অর্থ-বছরঃ বিপিআই এই সময়ে ৩০টি প্রশিক্ষণ কোর্স ও ৫টি ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে সর্বমোট ১০৪৮ জন প্রশিক্ষণার্থীকে সফলভাবে প্রশিক্ষণ প্রদান করেছে। প্রশিক্ষণ ক্যালেন্ডার এর তালিকার বাইরে অন্যান্য বছরের মত ২০২১-২০২২ অর্থবছরেও জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর অনুরোধে মোট ৭ কর্মদিবসের ১টি প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের ২৫ জন কর্মকর্তাকে সফলভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিপিআই নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্দেশনা মোতাবেক এবং প্রতিশ্রুতি অনুযায়ী ৬০ জনঘন্টার অধিক সময় প্রশিক্ষণ প্রদান করেছে। নিজস্ব জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিত বই পর্যালোচনার আয়োজন করা হচ্ছে, বঙ্গবন্ধুর জীবনীর উপর লিখিত বই সমৃদ্ধ লাইব্রেরিতে একটি কর্ণার স্থাপন করা হয়েছে এবং গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।
২০২২-২৩ অর্থ-বছরঃ বিপিআই এই সময়ে ২৫টি প্রশিক্ষণ কোর্স ও ৪টি কর্মশালা আয়োজনের মাধ্যমে সর্বমোট ৪৮৭ জন প্রশিক্ষণার্থীকে সফলভাবে প্রশিক্ষণ প্রদান করেছে। সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধনের লক্ষ্যে অর্থ বিভাগ হতে প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয়ের নির্দেশনা জারি হওয়ায় পূর্ববর্তী বছরের তুলনায় এ বছর কম সংখ্যাক প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহন করেছেন। বিপিআই গবেষণা সংক্রান্ত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠান এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে সফলভাবে একটি কর্মশালা আয়োজন করেছে। এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত লেখনী/প্রবন্ধ/বৈজ্ঞানিক প্রবন্ধ/আর্টিকেল সংগ্রহের মাধ্যমে পুস্তিকা প্রকাশ করা হয়েছে। প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের পাশাপাশি ক্লাসরুমের মান উন্নয়ন, বিপিআই লাইব্রেরিকে সমৃদ্ধকরণ, কমন রুম স্থাপন, খেলার মাঠ প্রস্তুতকরণসহ প্রশিক্ষণার্থীদের জন্য নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধার ব্যবস্থা করা হয়েছে।
২০২৩-২৪ অর্থ-বছরঃ বিপিআই এই সময়ে ২৩টি প্রশিক্ষণ কোর্স আয়োজনের মাধ্যমে সর্বমোট ৫৬৭ জন প্রশিক্ষণার্থীকে সফলভাবে প্রশিক্ষণ প্রদান করেছে। তন্মধ্যে, দুই মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে ২৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণা পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের সাথে এম ও ইউ স্বাক্ষর করেছে। এছাড়াও বিপিআই এর প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসাবে প্রদেয় ভবিষ্য তহবিল চালুকরণের লক্ষ্যে ট্রাষ্টি গঠন এবং শূন্য পদে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

আধুনিক সুবিধাসম্পন্ন গবেষণাগার না থাকায় গবেষণা কার্যক্রম ব্যাহত হয়। নিজস্ব কর্মচারীগণের উন্নত প্রশিক্ষণের ঘাটতি। অপর্যাপ্ত ডরমিটরি সুবিধা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষাণার্থীদের আবাসিক সুবিধা প্রদানের জন্য নতুন ভবন নির্মাণ; আধুনিক প্রশিক্ষণ উপকরণ সংগ্রহের মাধ্যমে প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি; বিপিআই এর নিজস্ব জনবলের চাহিদা পুনর্গঠন ও নিয়োগ ; বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন; প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণ পরিকল্পনা; নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের জন্য উন্নত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ; জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয়তা পর্যালোচনা করে প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা। জ্বালানি ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন গবেষণা পরিচালনা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন। জ্বালানি ও খনিজ সম্পদখাতে গবেষণা পরিচালনা। বিপিআই এর পূরণযোগ্য শূন্যপদে নিয়োগ। গবেষণা খাত নির্ধারণে ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণ এবং কর্মশালার বিষয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির প্রয়োজনীয়তা যাচাই সংক্রান্ত কর্মশালা আয়োজন। জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত বিপিআই জার্নাল প্রকাশ। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জ্বালানি খাতে কর্মকর্তা/কর্মচারীগণের সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা আয়োজন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ............জুন... মাসের ৩০........... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-কে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের মাধ্যমে মানসম্পন্ন প্রশিক্ষিত মানবসম্পদ তৈরী।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বিপিআই এর প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম
২. জ্বালানি খাতে গবেষণা ও উন্নয়ন
৩. জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ জনসম্পদ তৈরী

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. তৈল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তাকে উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকাণ্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকাণ্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা।

২. গবেষণা এবং কন্সালটেন্সীর মাধ্যমে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনসহ তৈল, গ্যাস ও খনিজ খাতে নিয়োজিত সরকারী সংস্থাকে সহায়তা প্রদান করা।

৩. তৈল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা।

৪. একই ধরনের কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারী ও বেসরকারী সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকাণ্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচী গ্রহণ করা।

৫. আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তৈল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউটকে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা।

৬. ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় কোর্স ডিজাইন, কারিকুলাম ও সিলেবাস প্রণয়ন করা।

৭. জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন ও তথ্য প্রকাশ ও বিক্রয় করা।

৮. ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও পরিচালিত যাবতীয় কর্মকাণ্ডের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে "ফি" গ্রহণ করা।

৯. ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা এবং

১০. প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| প্রশিক্ষণ বাস্তবায়নের মধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ জনসম্পদ তৈরী | প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট | বাংলাদেশ পেট্রোলিয়াম আইন, ২০০৪, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) |
| জ্বালানি খাতে গবেষণার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদের যোগান ও ব্যবহারে সহায়তা প্রদান | জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণা পরিচালনার লক্ষ্যে এম ও ইউ স্বাক্ষরিত | সংখ্যা | | ১ | ১ | ১ | ১ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণাকারী প্রতিষ্ঠান সমূহ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪ |
| | জ্বালানি ও খনিজ সম্পদ খাতে গবেষণা সংক্রান্ত কার্যক্রম পরিচালিত | সংখ্যা | | ১ | ১ | ১ | ১ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪ |
| বিপিআই এর প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | বিপিআই এর সরাসরি নিয়োগ যোগ্য শূন্যপদে নিয়োগ প্রদান | তারিখ | | ৩১-০৫-২০২৪ | ৩১-০৫-২০২৫ | ৩১-০৫-২০২৬ | ৩১-০৫-২০২৭ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও অর্থ মন্ত্রণালয় | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪ ও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট প্রবিধানমালা, ২০১৬ |

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] বিপিআই এর প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম | ২৫ | [১.১] জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম | [১.১.১] জনবল নিয়োগের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের ছাড়পত্র গৃহীত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.১০.২৪ | ৩১.১০.২৪ | | | | | |
| | | | [১.১.২] জনবল নিয়োগকৃত | তারিখ | তারিখ | ৩ | | | ৩১.০৫.২৫ | ০৫.০৬.২৫ | | | | | |
| | | [১.২] দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [১.২.১] লার্নিং সেশনের মাধ্যমে ৯ম গ্রেড বা তদূর্ধ্ব কর্মকর্তা প্রশিক্ষিত | সমষ্টি | জনবল সংখ্যা | ৩ | | | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৬০ |
| | | | [১.২.২] ১০ম গ্রেড ও তদনিম্ন কর্মচারী প্রশিক্ষিত | সমষ্টি | জনবল সংখ্যা | ২ | | | ৪৫ | ৪০ | ৩৬ | ৩১ | ২৭ | ৪৫ | ৪৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [১.২.৩] কারিগরি প্রতিষ্ঠানে এটাচমেন্ট এর মাধ্যমে জনবল প্রশিক্ষিত | সমষ্টি | জনবল সংখ্যা | ২ | | | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | [১.৩] প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম | [১.৩.১] প্রশিক্ষণ সম্পর্কিত প্রচারণা ও সরেজমিনে মতবিনিময় সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | | [১.৩.২] সরেজমিনে মতবিনিময় সভার সুপারিশ অনুযায়ী গৃহীত পদক্ষেপ বাস্তবায়িত | গড় | শতকরা | ৩ | | | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯০ | ৯০ |
| | | [১.৪] আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম | [১.৪.১] প্রশিক্ষণ ফি আদায়কৃত | সমষ্টি | লক্ষ টাকা | ৪ | | | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৬০ |
| | | | [১.৪.২] স্মার্ট প্রশিক্ষণ ফি পেমেন্ট সিস্টেম চালুকৃত | তারিখ | তারিখ | ৩ | | | ৩১.০৩.২৫ | ১০.০৪.২৫ | ১৭.০৪.২৫ | ২৪.০৪.২৫ | ০১.০৫.২৫ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] জ্বালানি খাতে গবেষণা ও উন্নয়ন | ২৩ | [২.১] গবেষণা সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণা পরিচালনার লক্ষ্যে এম ও ইউ স্বাক্ষরিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১ | ৩ | ২ | | | | | |
| | | | [২.১.২] গবেষণা প্রস্তাবনা দাখিল, বিষয় এবং ব্যয় অনুমোদনকৃত | তারিখ | তারিখ | ২ | | | ০৩.১০.২৪ | ১৭.১০.২৪ | ৩১.১০.২৪ | ১৪.১১.২৪ | ২৮.১১.২৪ | | |
| | | | [২.১.৩] নির্ধারিত বিষয়ে গবেষণা পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল | তারিখ | তারিখ | ৪ | | | ২৯.০৫.২৫ | ০৫.০৬.২৫ | ১২.০৬.২৫ | ১৯.০৬.২৫ | ২৬.০৬.২৫ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.৪] পেপার প্রেজেন্টেশন আয়োজিত | তারিখ | তারিখ | ৪ | | | ১৩.০৩.২৫ | ২৭.০৩.২৫ | ১০.০৪.২৫ | ২৪.০৪.২৫ | ০৮.০৫.২৫ | | |
| | | | [২.১.৫] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত বিপিআই জার্নাল প্রকাশিত | তারিখ | তারিখ | ৫ | | | ২৯.০৫.২৫ | ০৫.০৬.২৫ | ১২.০৬.২৫ | ১৯.০৬.২৫ | ২৬.০৬.২৫ | | |
| | | [২.২] বিপিআই এর কার্যক্রম উন্নয়ন সংক্রান্ত | [২.২.১] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত বিষয়ভিত্তিক সেমিনার আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | | ২ | ১ | | | | ২ | ২ |
| | | | [২.২.২] বিপিআই এর বিষয় ভিত্তিক প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই সংক্রান্ত সেমিনার আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | | ১ | | | | | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ জনসম্পদ তৈরী | ২২ | [৩.১] প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত কারিগরি প্রশিক্ষণ আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৭ | ৭ | ৬ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |
| | | | [৩.১.২] প্রশাসনিক বিষয় সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | ৬ | ৬ | ৬ | ৫ | | | | ৬ | ৬ |
| | | | [৩.১.৩] এপিএ, সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা দলিল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | | [৩.১.৪] বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ১ | ১ | | | | | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [৩.১.৫] প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ (আর্থিক, প্রজেক্ট, প্রকিউরমেন্ট ও স্টোর ইত্যাদি) আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৫ | ৬ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ৩০.০৬.২০২৪<br>............................................ |
| মহাপরিচালক<br>বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট | তারিখ |
| ............................................ | ৩০/৬/২৪<br>............................................ |
| সচিব<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড |
| ২ | পেট্রোবাংলা | বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন |
| ৩ | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কো: লি: |
| ৪ | বিএইসি | বাংলাদেশ এটোমিক এনার্জি কমিশন |
| ৫ | বিপিআই | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট |
| ৬ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ৭ | বুয়েট (BUET) | Bangladesh University of Engineering & Technology |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম | [১.১.১] জনবল নিয়োগের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের ছাড়পত্র গৃহীত | প্রশাসন শাখা | ছাড়পত্রের কপি |
| | [১.১.২] জনবল নিয়োগকৃত | প্রশাসন শাখা | নিয়োগ বিজ্ঞপ্তি, ফলাফল ও নিয়োগ আদেশের কপি |
| [১.২] দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [১.২.১] লার্নিং সেশনের মাধ্যমে ৯ম গ্রেড বা তদূর্ধ্ব কর্মকর্তা প্রশিক্ষিত | প্রশাসন শাখা ও প্রশিক্ষণ অধিশাখা | অফিস আদেশ ও উপস্থিতি তালিকা |
| | [১.২.২] ১০ম গ্রেড ও তদনিম্ন কর্মচারী প্রশিক্ষিত | প্রশাসন শাখা ও প্রশিক্ষণ অধিশাখা | অফিস আদেশ ও উপস্থিতি তালিকা |
| [১.২] দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [১.২.৩] কারিগরি প্রতিষ্ঠানে এটাচমেন্ট এর মাধ্যমে জনবল প্রশিক্ষিত | প্রশাসন শাখা ও প্রশিক্ষণ অধিশাখা | অফিস আদেশ ও পরিদর্শন প্রতিবেদন |
| [১.৩] প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম | [১.৩.১] প্রশিক্ষণ সম্পর্কিত প্রচারণা ও সরেজমিনে মতবিনিময় সভা আয়োজিত | প্রশাসন শাখা ও প্রশিক্ষণ অধিশাখা | অফিস আদেশ ও পরিদর্শন প্রতিবেদন |
| | [১.৩.২] সরেজমিনে মতবিনিময় সভার সুপারিশ অনুযায়ী গৃহীত পদক্ষেপ বাস্তবায়িত | প্রশাসন শাখা ও প্রশিক্ষণ অধিশাখা | সামারি শিট |
| [১.৪] আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম | [১.৪.১] প্রশিক্ষণ ফি আদায়কৃত | হিসাব শাখা | প্রত্যয়ন পত্র |
| [১.৪] আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম | [১.৪.২] স্মার্ট প্রশিক্ষণ ফি পেমেন্ট সিস্টেম চালুকৃত | হিসাব শাখা | প্রত্যয়ন পত্র |
| [২.১] গবেষণা সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণা পরিচালনার লক্ষ্যে এম ও ইউ স্বাক্ষরিত | গবেষণা শাখা | স্বাক্ষরিত এমওইউ কপি |
| | [২.১.২] গবেষণা প্রস্তাবনা দাখিল, বিষয় এবং ব্যয় অনুমোদনকৃত | গবেষণা শাখা | অফিস আদেশ ও সামারি শিট |
| | [২.১.৩] নির্ধারিত বিষয়ে গবেষণা পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল | গবেষণা শাখা | সামারি শিট ও প্রতিবেদনর কপি |
| [২.১] গবেষণা সংক্রান্ত কার্যক্রম | [২.১.৪] পেপার প্রেজেন্টেশন আয়োজিত | গবেষণা শাখা | অফিস আদেশ ও উপস্থিতি তালিকা |
| | [২.১.৫] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত বিপিআই জার্নাল প্রকাশিত | প্রশাসন শাখা ও প্রশিক্ষণ অধিশাখা | জার্নাল কপি |
| [২.২] বিপিআই এর কার্যক্রম উন্নয়ন সংক্রান্ত | [২.২.১] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত বিষয়ভিত্তিক সেমিনার আয়োজিত | প্রশিক্ষণ ও গবেষণা শাখা | অফিস আদেশ ও উপস্থিতি তালিকা |
| | [২.২.২] বিপিআই এর বিষয় ভিত্তিক প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই সংক্রান্ত সেমিনার আয়োজিত | প্রশিক্ষণ অধিশাখা | অফিস আদেশ ও উপস্থিতি তালিকা |
| [৩.১] প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত কারিগরি প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষণ অধিশাখা | প্রশিক্ষণের অব্যাহতি পত্র এবং সামারি শিট |
| | [৩.১.২] প্রশাসনিক বিষয় সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষণ অধিশাখা | প্রশিক্ষণের অব্যাহতি পত্র এবং সামারি শিট |
| | [৩.১.৩] এপিএ, সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা দলিল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষণ অধিশাখা | প্রশিক্ষণের অব্যাহতি পত্র এবং সামারি শিট |
| | [৩.১.৪] বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষণ অধিশাখা | প্রশিক্ষণের অব্যাহতি পত্র |
| [৩.১] প্রশিক্ষণ আয়োজন | [৩.১.৫] প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ (আর্থিক, প্রজেক্ট, প্রকিউরমেন্ট ও স্টোর ইত্যাদি) আয়োজিত | প্রশিক্ষণ অধিশাখা | প্রশিক্ষণের অব্যাহতি পত্র এবং সামারি শিট |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম | জনবল নিয়োগের নিমিত্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের ছাড়পত্র গৃহীত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| বিপিআই এর কার্যক্রম উন্নয়ন সংক্রান্ত | জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত বিষয়ভিত্তিক সেমিনার আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| বিপিআই এর কার্যক্রম উন্নয়ন সংক্রান্ত | বিপিআই এর বিষয় ভিত্তিক প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই সংক্রান্ত সেমিনার আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| প্রশিক্ষণ আয়োজন | জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত কারিগরি প্রশিক্ষণ আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| প্রশিক্ষণ আয়োজন | প্রশাসনিক বিষয় সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| প্রশিক্ষণ আয়োজন | এপিএ, সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা দলিল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| প্রশিক্ষণ আয়োজন | বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |
| প্রশিক্ষণ আয়োজন | প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ (আর্থিক, প্রজেক্ট, প্রকিউরমেন্ট ও স্টোর ইত্যাদি) আয়োজিত | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরাসরি যোগাযোগ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ